# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
### Bengali Text Bulletin

**08-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকারের প্রথম মুখ্যমন্ত্রী হতে চলেছেন, শুভেন্দু অধিকারী।

বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আশ্বাস দিয়েছেন যে, এখানে রাজনীতির অপরাধকরণ হবে না।

২) বিজেপি পরিষদীয় দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্যপালের কাছে সরকার গঠনের দাবি জানিয়েছেন। আগামীকাল সকালে তাঁর নেতৃত্বে নতুন সরকার শপথ নেবে।

৩) রাজ্যের বিভিন্ন প্রান্তে ভোট পরবর্তী হিংসার ঘটনা রুখতে প্রশাসনের কাছে বিরোধী দলগুলির আর্জি।

৪) চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত। ৬৯৮ পেয়ে প্রথম স্থানে উত্তর দিনাজপুরের অভিরূপ ভদ্র।

হাইমাদ্রাসা, আলিম এবং ফাজিল পরীক্ষার ফলাফলও আজ বেরিয়েছে। প্রথম দশে স্থান পেয়েছেন ৩৫ জন।

৫) রবিবার পর্যন্ত রাজ্যে বিক্ষিপ্ত ঝড় বৃষ্টির পূর্বাভাস।

৬) আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, দিল্লী ক্যাপিটালসের মুখোমুখি।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যে নব নির্বাচিত বিজেপি সরকারের প্রথম মুখ্যমন্ত্রী হতে চলেছেন, শুভেন্দু অধিকারী।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, আজ কলকাতার বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে নবনির্বাচিত বিধায়কদের নিয়ে এক বৈঠকে মিলিত হন। সেখানেই পরিষদীয় দলনেতা হিসেবে সর্বসম্মতিক্রমে বেছে নেওয়া হয় শুভেন্দু অধিকারীকে। বৈঠকের পর অমিত শাহ সাংবাদিকদের একথা জানান।

তিনি বলেন, রাজ্যে নতুন মুখ্যমন্ত্রী ও সরকার শপথ গ্রহণ করলে দুর্নীতি, সিন্ডিকেট সহ সমস্ত অভিযোগ থেকে রাজ্যকে মুক্ত করা হবে। এখানে রাজনীতির অপরাধকরণ হবে না বলেও স্পষ্ট আশ্বাস দেন তিনি।

বাইট অমিত

বিজেপি বাংলার মানুষের বিশ্বাস পূরণ করতে বদ্ধপরিকর বলেও স্বরাষ্ট্র মন্ত্রী উল্লেখ করেন। তাঁর অভিযোগ, বাম আমলের থেকেও তৃণমূল কংগ্রেস আরও ভয়ের পরিবেশ তৈরি করেছিল। তাই বাংলার মানুষ এই রায় দিয়েছেন।

]এদিকে, পরিষদীয় দলনেতা হিসাবে নির্বাচিত হওয়ার পর শুভেন্দু অধিকারী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে ধন্যবাদ জানান। এরাজ্যও প্রধানমন্ত্রীর সবকা সাথ, সবকা বিকাশের পথে পথে হাঁটবে বলে আশ্বাস দেন তিনি।

বাইট শুভেন্দু

রাজ্যে প্রাতিষ্ঠানিক দুর্নীতির বিরুদ্ধে তদন্তে অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে কমিশন গঠন এবং আর জি কর ও সন্দেশখালির ঘটনার তদন্তে কমিশন গঠন করারও প্রতিশ্রুতি দেন তিনি। এছাড়া যারা সরকারি অর্থ নয় ছয় করেছে, তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। বিজেপির সংকল্প পত্রের প্রতিটি সংকল্পই সঠিক সময়ের মধ্যে পূরণ করা হবে বলে শ্রী অধিকারী আশ্বাস দেন। দলের জন্য নিবেদিত প্রত্যেক বিজেপি কর্মীকেও তিনি এই জয়ের কৃতিত্ব দিয়েছেন।

বিজেপি পরিষদীয় দলের নেতা শুভেন্দু এখন রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবীর কাছে সরকার গঠনের দাবি জানাতে লোকভবনে গেছেন। তাঁর সঙ্গে রয়েছেন উড়িষ্যার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি ছাড়াও দিলীপ ঘোষ, লকেট চ্যাটার্জি, তাপস রায় প্রমুখ নেতৃবৃন্দ।

আগামীকাল সকাল ১০ টা নাগাদ ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথ নেবে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে রাজ্যের প্রথম বিজেপি সরকার। এই শপথ গ্রহণকে ঘিরে এখন সাজো সাজো রব। একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিরূপ)

----------------

পশ্চিমবঙ্গের ইতিহাসে আগামীকাল এক ঐতিহাসিক দিন বলে রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধন শ্রিংলা মন্তব্য করেছেন। তিনি আজ কলকাতায় সাংবাদিকদের বলেন, গত ৫০ বছরের ইতিহাসে এই প্রথমবার বাংলায় এমন একটি দল সরকার গড়তে চলেছে, যারা একইসঙ্গে রাজ্য ও কেন্দ্র — দুই জায়গাতেই ক্ষমতায়।

----------------

ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামীকাল নতুন সরকারের শপথগ্রহণের জন্য মহানগরের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। এর মধ্যে রয়েছে, এসপ্ল্যানেড Ramp, কেপি রোড, হসপিটাল রোড, লাভার্স লেন, ক্যাসুরিনা অ্যাভিনিউ, কুইনস্ওয়ে ইত্যাতি। এছাড়া ভোর ৪ টে থেকে রাত ৮ টে পর্যন্ত পণ্যবাহী গাড়ি চলাচল বন্ধ থাকবে বলেও পুলিশ সূত্রে জানা গেছে। তবে জরুরি পরিষেবা এবং এলপিজি সিলিন্ডারবাহী গাড়ি, সিএনজি, পেট্রোলিয়াম, তেল, অক্সিজেন, শাক-সব্জি, ওষুধপত্র, মাছ, ফল, দুধের গাড়িকে এই নিষেধাজ্ঞার আওতার বাইরে রাখা হয়েছে।

-----------------

রাজ্যের বিভিন্ন প্রান্তে ভোট পরবর্তী হিংসার ঘটনা রুখতে প্রশাসনের কাছে আর্জি জানিয়েছে বিরোধী দলগুলি।

ভোট পরবর্তী সন্ত্রাস, হিংসা ও সাম্প্রদায়িক উসকানির বিরুদ্ধে এবং , মনীষীদের অবমাননার প্রতিবাদে বামপন্থী দলের পক্ষ থেকে আজ ধর্মতলায় লেনিন মূর্তির সামনে থেকে এক মিছিল বের করা হয়। বামফ্রন্ট সহ সিপিআই (M-L) লিবারেশন এর প্রতিনিধিরা এই মিছিলে অংশগ্রহণ করেন। সেই কর্মসূচিতে যোগ দিয়ে বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু রাজ্যে নতুন সরকার গঠনের জন্য যাঁরা আগামীকাল শপথগ্রহণ করতে চলেছেন তাঁরা মানুষকে ধর্ম , বর্ন জাতির ভিত্তিতে বিভক্ত করতে চাইছে বলে অভিযোগ করেছেন।

বাইট

ঐক্য সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য সকলকে সচেতন থাকার আহ্বান জানান বিমান বাবু।

-----------------

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, নির্বাচনের পর সারা বাংলা জুড়ে যে হিংসাত্মক ও খুনের ঘটনা অবিলম্বে বন্ধ করার জন্যে তাঁর দলের পক্ষ থেকে প্রশাসনের কাছে লিখিত আবেদন জানিয়েছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আজ এক সাংবাদিক বৈঠকে শুভঙ্করবাবু বলেন, তিনি ইতিমধ্যেই রাজ্যপাল ও মুখ্য সচিব কে লিখিতভাবে জানিয়েছেন।

এদিকে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন ,এবারের বিধানসভা নির্বাচনে যে দু জন কংগ্রেস বিধায়ক নির্বাচিত হয়েছেন তারা অন্যায়, অবিচার, ও দুর্নীতির বিরুদ্ধে বিধানসভায় সরব হবেন ও লড়বেন। সেই সঙ্গে বাংলার আমজনতার জন্য লড়াই করবে কংগ্রেস।

-----------------

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল, আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৮৬ দশমিক আট/তিন শতাংশ। গতবছরের তুলনায় যা সামান্য বেশী।

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আজ আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন।

পাশের নিরিখে শীর্ষস্থানে রয়েছে কালিম্পং। যেখানে পাশের হার ৯৫ দশমিক পাঁচ/এক শতাংশ। ৯৪ দশমিক আট/দুই শতাংশ নিয়ে পূর্ব মেদিনীপুর রয়েছে দ্বিতীয় স্থানে, ৯২ দশমিক তিন/এক শতাংশ নিয়ে তৃতীয় স্থানে রয়েছে কলকাতা ও চতুর্থ স্থানে রয়েছে পশ্চিম মেদিনীপুর। পর্ষদ সভাপতি জানিয়েছেন, প্রথম দশে আছে ১৯'টি জেলার ১৩১ জন পড়ুয়া।

প্রথম স্থানে রয়েছে উত্তর দিনাজপুরের রায়গঞ্জ সারদা বিদ্যামন্দিরের ছাত্র অভিরূপ ভদ্র । তার প্রাপ্ত নম্বর হল- ৬৯৮ । পরিশ্রম ও আত্মবিশ্বাস'ই, তার সাফল্যের চাবিকাঠি বলে অভিরূপ জানিয়েছে। সে সফটওয়্যার ইঞ্জিনিয়ার হতে চায়।

(বাইট-ফার্স্ট বয় /অভিরূপ ভদ্র)

৬৯৬ পেয়ে দ্বিতীয় হয়েছে বীরভূমের সরস্বতী শিশু মন্দির হাই স্কুলের ছাত্র প্রিয়তোষ মুখোপাধ্যায়। তৃতীয় স্থানে আছে, তিনজন। তাদের প্রাপ্ত নম্বর ৬৯৫। এরা হল- বাঁকুড়া ক্রীশ্চান কলেজিয়েট স্কুলের ছাত্র মৈনাক মণ্ডল, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের সৌর জানা, পূর্ব মেদিনীপুরের রামকৃষ্ণ শিক্ষা মন্দিরের অঙ্কন কুমার জানা।

উল্লেখ্য, এবার পরীক্ষা শেষের ৮৪ দিনের মাথায় ফল প্রকাশিত হল।

----------------

মাধ্যমিকের পাশাপাশি চলতি বছরের হাই মাদ্রাসা, আলিম ও ফাজিল পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। তিনটি বিভাগ মিলিয়ে প্রথম দশে স্থান অধিকার করেছে ৩৫ জন। মেধাতালিকায় আছেন ১৩ জন ছাত্রী। মাদ্রাসা শিক্ষা পর্ষদের সভাপতি আবু তাহের কামরুদ্দিন পরীক্ষা শেষের প্রায় ৮৩ দিনের মাথায় আজ এই ফলাফল ঘোষণা করেছেন। সব মিলিয়ে পাশের হারে ছাত্রদের থেকে অনেক এগিয়ে ছাত্রীরা।

হাই মাদ্রাসায় প্রথম হয়েছে দু'জন - মুর্শিদাবাদের ভবতা আজিজিয়া হাই মাদ্রাসার মহম্মদ মুস্তাক নাজ়িম ও মালদহের এনএমএস হাই মাদ্রাসার শাহান আখতার। দু'জনেই পেয়েছে ৭৮১ নম্বর।

আলিমে প্রথম হয়েছে উত্তর ২৪ পরগনার নুর-উন নবি সিনিয়র মাদ্রাসার ছাত্রী মির সাদিয়া জাহিন। তার প্রাপ্ত নম্বর ৮৬২।

ফাজিলে ৫৭৮ নম্বর পেয়ে ঐ মাদ্রাসারই ছাত্র ইরফান হোসেন প্রথম হয়েছেন।

----------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রবিবার পর্যন্ত রাজ্যে বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামীকাল দুপুরের পর কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার থেকে অবশ্য বৃষ্টির পরিমাণ কমবে। একটি প্রতিবেদন-

(ভিসি কাশফিন)

এদিকে, ঝড় বৃষ্টিতে তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা সাড়ে ৬ ডিগ্রিরও কম। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ও রেকর্ড করা হয়েছে ৩২ দশমিক ৬ ডিগ্রি, স্বাভাবিকের তিন দশমিক ১ ডিগ্রি নীচে।

পুরুলিয়ার মানবাজার মহকুমায় আজ বিকেলে প্রবল কালবৈশাখীর দাপটে গাছ ও বিদ্যুতের খুঁটি ভেঙে পড়ে। আঁখড়ো গ্রামে জট্যাঁসিনী মন্দিরে তোরণও ঝড়ের দাপটে ভেঙে পড়ে। তবে বড় রকমের ক্ষয়ক্ষতির কোনো খবর নেই।

----------------

IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালস-এর মুখোমুখি। দিল্লীর অরুণ জেটলি স্টেডিয়ামে কেকেআর টসে জিতে দিল্লীকে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত দিল্লী ক্যাপিটালস ৬ ওভারে ১ উইকেটে ৫৬ রান করেছে।

উল্লেখ্য, কেকেআর ৯ ম্যাচে ৭ পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট তালিকায় অষ্টম স্থানে রয়েছে।

অন্যদিকে ১০ ম্যাচে আট পয়েন্ট সংগ্রহ করে দিল্লী রয়েছে সপ্তম স্থানে।

---------------- ----------------